গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৩.২২-৩৮৭

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪৩০ / ১৪ মার্চ ২০২৪

**প্রজ্ঞাপন**

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে চাহিদাভিত্তিক ও সমস্যাকেন্দ্রিক গবেষণা পরিচালনা এবং প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল প্রকার প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য প্রচার ও প্রকাশের লক্ষ্যে "প্রাথমিক শিক্ষায় গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা-২০২৪" প্রণয়ন করা হয়েছে।

০২। প্রণয়নকৃত নির্দেশিকাটি এ সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

BBegum 14/03/2024

ড. বিলকিস বেগম
উপসচিব
ফোনঃ ৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
১১. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৭. অফিস কপি।

# “প্রাথমিক শিক্ষায় গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা, ২০২৪”

(Guideline on Research and Publication in Primary Education, 2024)

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচি


| ক্রমিক নম্বর | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | ভূমিকা | ১ |
| ২ | শিরোনাম ও পরিধি | ১ |
| ৩ | লক্ষ্য | ১ |
| ৪ | গবেষণা ও প্রকাশনার উদ্দেশ্য | ১ |
| ৫ | **গবেষণা বিষয়ক নির্দেশিকা** | ২-৭ |
| ৫.১ | গবেষণাক্ষেত্র ও অধিক্ষেত্রসমূহ | ২ |
| ৫.২ | গবেষণা-ক্ষেত্র নির্বাচন ব্যবস্থাপনা | ২ |
| ৫.৩ | গবেষকের ধরণ ও যোগ্যতা | ২-৩ |
| ৫.৪ | গবেষণা পরিচালনার সময়কাল | ৪ |
| ৫.৫ | গবেষণা প্রস্তাবনা আহ্বান | ৪ |
| ৫.৬ | গবেষণা প্রস্তাবনা কাঠামো ও জমাদান | ৪ |
| ৫.৭ | গবেষণা প্রস্তাবনা বাছাইকরণ ও অনুমোদন | ৪-৫ |
| ৫.৮ | গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য চুক্তি স্বাক্ষর | ৫ |
| ৫.৯ | গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ | ৫ |
| ৫.১০ | গবেষণা প্রতিবেদন দাখিল ও মূল্যায়ন | ৫-৬ |
| ৫.১১ | গবেষণা ফলাফল উপস্থাপন | ৬ |
| ৫.১২ | কর্মশালা ও সেমিনার পরিচালনা | ৬ |
| ৫.১৩ | Plagiarism প্রতিরোধ সংক্রান্ত বিধান | ৬ |
| ৫.১৪ | প্রকাশিত ও প্রকাশিত গবেষণা প্রতিবেদন সংগ্রহ | ৬ |
| ৫.১৫ | গবেষণা পরিচালনায় অর্থায়ন | ৬ |
| ৫.১৬ | গবেষণা কর্মের অর্থ ছাড়করণ | ৬ |
| ৫.১৭ | গবেষণা কার্যক্রমে বাজেট বিভাজন | ৭ |
| ৫.১৮ | অডিট নিষ্পত্তিকরণ | ৭ |
| ৫.১৯ | গবেষণা ফলাফল অবহিতকরণ | ৭ |
| ৫.২০ | গবেষণার স্বীকৃতি ও পুরস্কার | ৭ |
| ৫.২১ | শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের গবেষণা কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধিকরণ | ৭ |
| ৬ | **প্রকাশনা বিষয়ক নির্দেশিকা** | ৭-৯ |
| ৬.১ | প্রকাশনার বিষয়সমূহ | ৭ |
| ৬.২ | জার্নাল | ৭-৮ |
| ৬.৩ | কোন কোন আর্টিকেল প্রকাশ করা যাবে | ৮ |
| ৬.৪ | জার্নাল সম্পাদনা ও প্রকাশনা কমিটির কার্যপরিধি | ৮ |
| ৬.৫ | গবেষণা আর্টিকেল এর আকার | ৮ |
| ৬.৬ | বুলেটিন ও প্রতিবেদন প্রকাশ ও প্রচার | ৯ |
| ৭ | গবেষণা প্রকাশনা কার্যক্রমের জন্য গঠিত কমিটির সদস্যদের সম্মানী/ভাতা | ৯ |
| ৮ | গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা সংশোধন/পরিমার্জন/অস্পষ্টতা দূরীকরণ | ৯ |
| | **পরিশিষ্ট** | ১০-২৭ |
| | পরিশিষ্ট-১: গবেষণা পত্র প্রণয়ন ও দাখিল করা সম্পর্কিত | ১০-১১ |
| | পরিশিষ্ট-২: গবেষণা প্রস্তাবনা ছক (গবেষক ও প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা প্রস্তাবনা প্রণয়ন ছক) | ১২ |
| | পরিশিষ্ট-৩: গবেষণা প্রস্তাবনা জমাদানে প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ | ১৩ |
| | পরিশিষ্ট-৪: | ১৪-১৭ |
| | কমিটি ১: গবেষণা প্রস্তাবনা বাছাই সংক্রান্ত কমিটি | ১৪ |

| | | |
|---|---|---|
| | কমিটি ২: গবেষণা প্রস্তাবনা অনুমোদনের জন্য স্টিয়ারিং কমিটি | ১৫ |
| | কমিটি ৩: কর্মশালা পরিচালনা সংক্রান্ত কমিটি | ১৬ |
| | কমিটি ৪: গবেষণা প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত কমিটি | ১৬ |
| | কমিটি ৫: জার্নাল সম্পাদনা ও প্রকাশনা সংক্রান্ত কমিটি | ১৭ |
| | কমিটি ৬: বুলেটিন, মূল্যায়ন প্রতিবেদন ও গবেষণা প্রবন্ধ প্রকাশ ও প্রচার কমিটি | ১৭ |
| | পরিশিষ্ট-৫: গবেষণা প্রস্তাবনার প্রাথমিক বাছাইকরণ মূল্যায়ন ছক | ১৮ |
| | পরিশিষ্ট-৬: গবেষকের যোগ্যতা ও দক্ষতা যাচাই প্রক্রিয়া | ১৯ |
| | পরিশিষ্ট-৭: গবেষণা প্রতিষ্ঠান যাচাই প্রক্রিয়া | ২০ |
| | পরিশিষ্ট-৮: প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুসৃত চুক্তিনামা | ২১-২২ |
| | পরিশিষ্ট-৯: জামানতনামা | ২৩ |
| | পরিশিষ্ট-১০: গবেষণা প্রতিবেদনের প্রাথমিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন ছক | ২৪ |
| | পরিশিষ্ট-১১: গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন ছক | ২৫ |
| | পরিশিষ্ট-১২: গবেষণার কার্যক্রম পরিবীক্ষণ টুলস | ২৬ |
| | পরিশিষ্ট ১৩: ড্রাফট গবেষণা প্রতিবেদন মূল্যায়ন নির্দেশিকা ও ছক | ২৭ |

# "প্রাথমিক শিক্ষায় গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা, ২০২৪"
## (Guideline on Research and Publication in Primary Education, 2024)

**১। ভূমিকা:**

সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সমতাভিত্তিক এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রতিশ্রুতিবদ্ধ। প্রাথমিক শিক্ষার মাঠ প্রশাসন এবং বিদ্যালয় কার্যক্রম ব্যাপকভাবে বিস্তৃত। এ কার্যক্রমের সঙ্গে সংযুক্ত রয়েছে প্রায় পাঁচ লক্ষ পেশাদার কর্মী। শিক্ষাক্রমের শিখন-শেখানো পরিচালনা, ধারাবাহিক মূল্যায়ন প্রক্রিয়া, শিক্ষা উপকরণ তৈরি ও ব্যবহার, শিক্ষার্থীর যোগ্যতা (Competency) মূল্যায়ন, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক, সহশিক্ষাক্রমিক কার্যক্রম, শিক্ষার্থীর অভিযোজনে সক্ষমতা অর্জনে নীতি-নৈতিকতা এবং অধিকারবোধ বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে এ বিপুল সংখ্যক কর্মী নিরলস কাজ করছে। এ কার্যক্রমসমূহের যথাযথ বাস্তবায়ন ও গুণগতমান উন্নয়ন, সমসাময়িক সমস্যার প্রতিবন্ধকতা পরিবীক্ষণের পাশাপাশি চাহিদাভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনা অতীব গুরুত্বপূর্ণ। এছাড়াও প্রাথমিক শিক্ষার বিভিন্ন বিষয়ে জনগণকে অবহিতকরণ, সচেতনতা বৃদ্ধি, জনমত গঠন এবং তথ্য সংরক্ষণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিভিন্ন প্রকাশনা প্রকাশ করে থাকে। প্রাথমিক শিক্ষায় বিভিন্ন পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণে এ সকল প্রকাশনাও ইতিবাচক ভূমিকা রাখতে পারে। প্রাথমিক শিক্ষায় পরিচালিত গবেষণা ও প্রকাশনাসমূহকে মানসম্মত ও কাঠামোবদ্ধভাবে পরিচালনার জন্য এ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

**২। শিরোনাম ও পরিধি:**

এই নির্দেশিকা **"প্রাথমিক শিক্ষায় গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা, ২০২৪"** নামে অভিহিত হবে। ইহা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**৩। লক্ষ্য:**

- মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে চাহিদাভিত্তিক গবেষণা পরিচালনা।
- মানসম্মত প্রকাশনা নিশ্চিত করা।

**৪। গবেষণা ও প্রকাশনার উদ্দেশ্য:**

- প্রাথমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে নীতি ও পরিকল্পনা প্রণয়ন এবং কার্যক্রম গ্রহণে গবেষণা পরিচালনা করা;
- প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণা চাহিদা চিহ্নিত করা ও সমস্যার সমাধান কেন্দ্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা;
- প্রাথমিক শিক্ষার উন্নয়ন কর্মসূচির অধীন সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়নে গবেষণা পরিচালনা করা;
- প্রাথমিক শিক্ষার ওপর বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ে গবেষক পরিচালিত গবেষণা ফলাফল সংগ্রহ, সংরক্ষণ ও বিস্তরণসহ গবেষণা ফলাফল জাতীয় উন্নয়নে প্রয়োগের পদক্ষেপ গ্রহণ করা;
- গবেষণালব্ধ ফলাফল বিস্তরণ ও প্রকাশনার মাধ্যমে শিক্ষায় পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক ও শিক্ষা গবেষকদের মধ্যে সম্পর্ক স্থাপন করা;
- APSC (Annual Primary School Census), ASPR (Annual Sector Performance Report) এবং NSA (National Student Assessment) প্রকাশনা ও প্রচার করা;
- IPEMIS (Integrated Primary Education Management Information System) এ সংরক্ষিত ক্ষেত্রভিত্তিক তথ্যের ওপর প্রাথমিক শিক্ষার উন্নয়নে গবেষণা প্রকাশ ও প্রচারের উদ্যোগ গ্রহণ করা;
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রমের তথ্যের ওপর মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক প্রতিবেদন প্রকাশ ও প্রচারের ব্যবস্থাপনা গড়ে তোলা;
- প্রাথমিক শিক্ষায় গবেষক তৈরির লক্ষ্যে শিক্ষক ও কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা।

## ৫। গবেষণা বিষয়ক নির্দেশিকা:

### ৫.১। গবেষণাক্ষেত্র ও অধিক্ষেত্রসমূহ:

গবেষণাক্ষেত্র আবশ্যিকভাবে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা সম্পর্কিত হতে হবে। এর অধিক্ষেত্রসমূহ-

- প্রাথমিক শিক্ষায় অনুসৃত নীতি, পরিকল্পনা ও আইন;
- প্রাক-প্রাথমিক শিক্ষাদান ব্যবস্থা;
- প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক;
- প্রাথমিক শিক্ষা প্রশাসন;
- শিশু সুরক্ষা শিক্ষা;
- বিদ্যালয় পরিবেশ;
- ক্ষুদ্র নৃগোষ্ঠী শিশু, প্রতিবন্ধী শিশু, পথ-শিশু ও অন্যান্য অতিবঞ্চিত শিশু;
- প্রাথমিক শিক্ষায় বৈষম্য;
- শিখন-শেখানো পদ্ধতি ও মূল্যায়ন, শিক্ষা উপকরণ, সহশিক্ষাক্রমিক কার্যক্রম;
- বিদ্যালয় তদারকি;
- প্রাথমিক শিক্ষায় বাস্তবায়িত প্রকল্পের প্রভাব;
- শিশু অধিকার, শিশুর মানসিক স্বাস্থ্য, বাল্য বিবাহসহ অন্যান্য মনো-সামাজিক সমস্যা;
- প্রাথমিক শিক্ষায় সরকারের নির্বাচনী ইশতাহার বাস্তবায়ন ও মূল্যায়ন;
- প্রাথমিক শিক্ষায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা ও অবদান;
- প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ শিক্ষাক্রম বাস্তবায়ন কার্যকারিতা;
- প্রাথমিক শিক্ষায় বিভিন্ন ধরনের প্রশিক্ষণের কার্যকারিতা;
- অন্যান্য (প্রাথমিক শিক্ষার উন্নয়নে প্রয়োগ করা যায় এমন গবেষণা)।

### ৫.২। গবেষণাক্ষেত্র নির্বাচন ব্যবস্থাপনা:

প্রতিবছর বৈশ্বিক কর্মসূচি/লক্ষ্য, তথ্য গ্যাপ (Information Gap), চলমান পঞ্চবার্ষিক পরিকল্পনা, ভিশন-২০৪১, ডেল্টা প্লান এবং সরকারের নির্বাচনী ইশতেহার পর্যালোচনা করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ ক্ষেত্রভিত্তিক গবেষণার বিষয়সমূহের একটি তালিকা প্রণয়ন করবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা, নেপ এবং এনসিটিবি'র বিশেষজ্ঞ সমন্বয়ে ৬-৯ সদস্যবিশিষ্ট গঠিত কমিটি এ তালিকা চূড়ান্ত করবে।

- গবেষণাক্ষেত্র নির্বাচন কমিটি সরকারি স্বার্থ পূরণে প্রয়োজন অনুযায়ী গবেষণাক্ষেত্র পরিবর্তন, সংযোজন এবং বিয়োজন করতে পারবে।

### ৫.৩। গবেষকের ধরণ ও যোগ্যতা:

**৫.৩.১:** দুই (২) ধরনের গবেষক থাকতে পারবে:

(ক) ব্যক্তি পর্যায়:

- ব্যক্তি পর্যায়ে গবেষক নিজে এবং সহযোগী গবেষক নিয়োগ করে এ ক্যাটাগরির গবেষণা পরিচালনা করতে পারবে। এ ক্ষেত্রে প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট যোগ্য ও দক্ষ কর্মকর্তা/শিক্ষকগণকে সহযোগী গবেষক হিসেবে গবেষণা কার্যক্রমে সংযুক্ত করতে পারবে;

- সরকারি কর্মকর্তা, প্রাথমিক-মাধ্যমিক-কলেজ-বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক, প্রশিক্ষক, শিক্ষাবিজ্ঞানী, শিক্ষামূলক প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত যোগ্যতাসম্পন্ন গবেষক গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ করে গবেষণা পরিচালনা করতে পারবে;
- স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে গবেষণা কার্যক্রমে প্রাথমিক শিক্ষায় কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণকে সম্পৃক্ত করা যাবে।

(খ) প্রতিষ্ঠান পর্যায়ঃ

- প্রতিষ্ঠান পর্যায় বলতে গবেষণা কার্যক্রম পরিচালনা করছে এমন গবেষণা প্রতিষ্ঠানকে বুঝাবে, যে প্রতিষ্ঠানে একদল যোগ্যতাসম্পন্ন দক্ষ গবেষক রয়েছে। প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা কার্যক্রম পরিচালনায় সরকারের রেজিষ্ট্রেশন রয়েছে, ট্যাক্স প্রদান করে এমন প্রতিষ্ঠান গবেষণা সহায়তার আওতাভুক্ত হবে;
- সরকারি বা বেসরকারি পর্যায়ে শিক্ষা কার্যক্রম রয়েছে এমন গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান তাদের গবেষকগণের এই নির্দেশনায় নির্ধারিত দক্ষতা ও যোগ্যতা থাকা সাপেক্ষে প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা পরিচালনা করতে পারবে;
- স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে গবেষণা কার্যক্রমে প্রাথমিক শিক্ষায় কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণকে সম্পৃক্ত করা যাবে।

**৫.৩.২। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্ত এবং পরিমাপন সম্পর্কিত নির্দেশনা (ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে গবেষক ও প্রতিষ্ঠানের যোগ্যতা, দক্ষতা ও পরিমাপন পদ্ধতিঃ**

- ব্যক্তি পর্যায়ে গবেষণায় গবেষককে যেকোনো বিষয়ে এমএস/এমফিল বা পিএইচডি থাকতে হবে। শিক্ষাবিজ্ঞান ও শিক্ষার ওপর উচ্চতর প্রশিক্ষণ (বিএড/এমএড), কর্মঅভিজ্ঞতা এবং অথেনটিক জার্নালে গবেষণা পেপার থাকা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;
- প্রতিষ্ঠান পর্যায়ের গবেষণায় গবেষকগণের যেকোনো বিষয়ে এমএস/এমফিল বা পিএইচডি থাকতে হবে। শিক্ষাবিজ্ঞান ও শিক্ষার ওপর উচ্চতর প্রশিক্ষণ (বিএড/এমএড), কর্মঅভিজ্ঞতা এবং প্রতিষ্ঠানের জার্নাল ও প্রাথমিক শিক্ষার ওপর গবেষণা প্রতিবেদন থাকা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;
- আবেদনকারী গবেষক/গবেষণা প্রতিষ্ঠানের গবেষকবৃন্দ যার/যাদের আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালায় গবেষণা প্রবন্ধ উপস্থাপন বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;
- ব্যক্তি বা প্রতিষ্ঠান পর্যায়ে গবেষক/প্রতিষ্ঠানের যোগ্যতা ও দক্ষতা পরিমাপনে সুনির্দিষ্ট সূচকভিত্তিক ভর আরোপিত ছক (পরিশিষ্ট-৬ ও ৭) ব্যবহার করা হবে;
- গবেষণা পরিচালনায় গবেষক/প্রতিষ্ঠানকে স্বাধীনভাবে গবেষণা কার্যক্রম পরিচালনায় যোগ্যতা থাকতে হবে;
- ব্যক্তি পর্যায়ে গবেষণার জন্য তথ্য সংগ্রহ থেকে শুরু করে বিশ্লেষণ কার্যক্রম এবং রিপোর্ট প্রণয়ন পর্যন্ত গবেষক দক্ষ অনুসন্ধানী নিয়োগ করে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবে;
- প্রতিষ্ঠান পর্যায়ে তাদের নিজস্ব অনুসন্ধানী দলের মাধ্যমে তথ্য সংগ্রহ থেকে শুরু করে বিশ্লেষণ কার্যক্রম এবং রিপোর্ট প্রণয়ন পর্যন্ত কার্যক্রম পরিচালনা করতে হবে;
- গবেষণা কার্যক্রম শুরু করে গবেষক বা প্রতিষ্ঠান নিয়ন্ত্রণের বাইরের কারণ ব্যতীত কোনোভাবে গবেষণা কার্যক্রমে বিরতি দিতে পারবে না;
- সরকারি চাকরিজীবীর ক্ষেত্রে না-দাবী পত্র (এনওসি) প্রয়োজন হবে।

**৫.৪। গবেষণা পরিচালনার সময়কাল:**

গবেষক ও গবেষণা প্রতিষ্ঠান গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এক অর্থবছরে (জুলাই-জুন) ১০ মাস সময় পাবে। এ ক্ষেত্রে অর্থবছরের এপ্রিলে গবেষণার সকল প্রক্রিয়া শেষ করতে হবে। যৌক্তিক কারণ ব্যতিত গবেষণা পরিচালনার সময়কাল বৃদ্ধি করা যাবে না।

**৫.৫। গবেষণা প্রস্তাবনা আহ্বান:**

- বিজ্ঞপ্তির মাধ্যমে প্রতিবছর এপ্রিল মাসে গবেষণা প্রস্তাবনা আহ্বান করতে হবে; তবে প্রতিষ্ঠানের চাহিদা পূরণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ যেকোনো সময় প্রস্তাবনা আহ্বান করতে পারবে;
- গবেষণা প্রস্তাবনা আহ্বানে জাতীয় ২টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) বিজ্ঞাপন প্রচার করতে হবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটেও এ বিজ্ঞাপন প্রচার করতে হবে;
- গবেষণা প্রস্তাবনা দৈনিক পত্রিকা/অন্যান্য যোগাযোগ মাধ্যমে (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট, গবেষণা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ডিএইচএসই), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষার বিভাগীয় ও জেলা অফিস, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই), উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি) এবং বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের নোটিশ বোর্ড বিজ্ঞাপন আকারে প্রকাশ ও প্রচার করার ব্যবস্থা করতে হবে।
- বিজ্ঞাপনে গবেষণা প্রস্তাবনা আহ্বানে নির্ধারিত ক্ষেত্রসমূহ উল্লেখপূর্বক গবেষণা প্রস্তাবনা উপস্থাপনের ছক (পরিশিষ্ট-২) উল্লেখ করতে হবে।

**৫.৬। গবেষণা প্রস্তাবনা কাঠামো ও জমাদান:**

- গবেষণা প্রস্তাবনা উপস্থাপনে গবেষণা প্রস্তাবনা ছক অনুসরণ করে প্রণয়ন করতে হবে এবং এর ওপর ভিত্তি করে মূল্যায়ন করা হবে;
- গবেষণা প্রস্তাবনা জমাদানে প্রত্যেক গবেষককে গবেষণা প্রস্তাবনা আহ্বান বিজ্ঞপ্তির নির্দেশনা (পরিশিষ্ট-৩) অনুসরণ করে জমা প্রদান করতে হবে;
- গবেষণা প্রস্তাবনা জমাদানের সময় একটি কভার লেটার, গবেষণা প্রস্তাবনা এবং গবেষকের প্রোফাইল আলাদা করে ক্লিপ দিয়ে আটকিয়ে জমা দিতে হবে। তবে গবেষণা প্রস্তাবনার ওপর গবেষকের নাম ও তথ্য লেখা যাবে না;
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধাতি সময় অনুযায়ী প্রস্তাবনা দাখিল করতে হবে।
- গবেষণা প্রস্তাবনার সাথে গবেষণা পরিচালনা ব্যয় সম্বলিত প্রস্তাবনাও যুক্ত করতে হবে।

**৫.৭। গবেষণা প্রস্তাবনা বাছাইকরণ ও অনুমোদন:**

- গবেষণা প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাই এবং গবেষকের যোগ্যতা ও দক্ষতা পরিমাপের জন্য একটি বাছাই কমিটি থাকবে। বিশেষজ্ঞ ও খ্যাতিসম্পন্ন দক্ষ গবেষক সমন্বয়ে গঠিত কমিটি যাচাই বাছাই করবে (বাছাই কমিটি পরিশিষ্ট-৪, কমিটি-১)। গবেষণা প্রস্তাবনা মুল্যায়ন এবং গবেষক ও প্রতিষ্ঠানের যোগ্যতা ও দক্ষতা পরিমাপনে ভিন্ন তিনটি মূল্যায়ন ছক ব্যবহৃত হবে (পরিশিষ্ট-৫, ৬ ও ৭)। গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ছকে ক্ষেত্রভিত্তিক সুনির্দিষ্ট সূচকে (Indicator) ভর আরোপ (Weightage) করে মূল্যায়ন করা হবে। এ ক্ষেত্রে ৫০ নম্বর নির্ধারিত থাকবে। চূড়ান্ত বাছাইয়ে গবেষকের যোগ্যতা ও দক্ষতায় সূচকভিত্তিক ভর আরোপ করে মূল্যায়ন করা হবে। এ ক্ষেত্রেও ৫০ নম্বর নির্ধারিত থাকবে। অর্থাৎ ১০০ নম্বরের মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাই করতে হবে;

- চূড়ান্তভাবে মূল্যায়নে নম্বর, চাহিদার অগ্রাধিকার এবং বাজেট বিবেচনায় নিয়ে আর্থিক বছরের গবেষণা সংখ্যা চূড়ান্ত করতে হবে। চূড়ান্তকৃত গবেষণা প্রস্তাবনা গবেষক কর্তৃক ছোট পরিসরে বিশেষজ্ঞ ও গবেষকের উপস্থিতিতে কর্মশালায় উপস্থাপন করতে হবে। উপস্থাপিত গবেষণা প্রস্তাবনার ওপর বিশেষজ্ঞ ও গবেষকের মতামতের ভিত্তিতে গবেষণা প্রস্তাবনা সংশোধন করতে হবে;
- ব্যক্তি পর্যায়ে (গবেষক) গবেষণা প্রস্তাবনা এবং গবেষকের যোগ্যতা ও দক্ষতা আলাদাভাবে সুনির্দিষ্ট ছকের মাধ্যমে (পরিশিষ্ট- ৫ ও ৬) মূল্যায়ন করে নম্বরের ওপর ভিত্তি করে চূড়ান্ত তালিকার মেধাক্রম প্রণয়ন করতে হবে;
- প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা প্রস্তাবনা এবং প্রতিষ্ঠানের যোগ্যতা ও দক্ষতা আলাদাভাবে সুনির্দিষ্ট ছকের মাধ্যমে (পরিশিষ্ট-৫ ও ৭) মূল্যায়ন করে নম্বরের ওপর ভিত্তি করে মেধাক্রম করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে হবে;
- গবেষণা প্রস্তাবনার চূড়ান্ত বাছাইপর্বে গবেষক এবং প্রতিষ্ঠানের পক্ষে প্রধান গবেষককে গবেষণা প্রস্তাবনা উপস্থাপন করতে হবে;
- গবেষণা প্রস্তাবনার চূড়ান্ত বাছাইয়ে গবেষণা প্রস্তাবনার নম্বর ও গবেষক/প্রতিষ্ঠানের দক্ষতা ও যোগ্যতার নম্বর যোগ করে মেধাক্রম করে তালিকা প্রণয়ন করতে হবে;
- গবেষণা প্রস্তাবনার বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তকৃত তালিকা অনুমোদনের জন্য স্টিয়ারিং কমিটিতে (পরিশিষ্ট-৪, কমিটি-২) উপস্থাপন করতে হবে। সচিব মহোদয়ের সভাপতিত্বে গঠিত স্টিয়ারিং কমিটি গবেষণা প্রস্তাবনা চূড়ান্ত অনুমোদন করবেন।

**৫.৮। গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য চুক্তি স্বাক্ষর:**

গবেষণা কার্যক্রম পরিচালনায় গবেষক/গবেষণা প্রতিষ্ঠান এর প্রধান গবেষক এবং প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর পরিচালকের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে (পরিশিষ্ট-৮)। এই চুক্তি সম্পাদনের সময় হতে সময়কাল দশ (১০) মাস গণনা করা হবে। চুক্তির সময় একজন জামানতকারীর নিকট হতে জামানত নামা (পরিশিষ্ট-৯) জমা দিতে হবে। গবেষক/গবেষণা প্রতিষ্ঠান দশ মাসের মধ্যে গবেষণা কার্যক্রম শেষ করবে। গবেষককে এ ক্ষেত্রে গবেষণা পদ্ধতিতে উপস্থাপিত গবেষণা এলাকার ওপর তথ্য সংগ্রহ সময়কাল উল্লেখ করে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জমা দিতে হবে।

**৫.৯। গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ:**

ব্যক্তি পর্যায় এবং প্রতিষ্ঠান পর্যায়ের গবেষণায় গবেষণা কার্যক্রম পরিচালনাকালীন যেকোনো স্তরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মনিটরিং ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ মনিটরিং করতে পারবে। গবেষণা কার্যক্রম পরিবীক্ষণের জন্য একটি কমিটি গঠন করা হবে। এ কমিটিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত থাকবেন। পরিবীক্ষণ কর্মকর্তাকে পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত ছক (পরিশিষ্ট-১২) অনুযায়ী জমা প্রদান করতে হবে।

**৫.১০। গবেষণা প্রতিবেদন দাখিল ও মূল্যায়ন:**

গবেষক/গবেষণা প্রতিষ্ঠান নির্ধারিত ছকে অগ্রগতি প্রতিবেদন ও চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন। গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক (পরিশিষ্ট-৪, কমিটি-৪)-এ বর্ণিত কমিটি গঠন করবেন। মূল্যায়ন কমিটি স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদন থাকতে হবে। মুল্যায়ন কমিটির মনোনীত সদস্যকে অবশ্যই শিক্ষাবিজ্ঞানের ওপর উচ্চতর ডিগ্রি এবং যোগ্যতাসম্পন্ন সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, যাদের আন্তর্জাতিক পর্যায়ে গবেষণা পেপার রয়েছে এবং গবেষণার প্রতি বিশেষ প্রবণতা রয়েছে এমন ব্যক্তি হতে হবে। উক্ত মূল্যায়ন কমিটির সদস্যগণ তাদের মধ্যে হতে ০৩ (তিন) জনকে মূল্যায়নকারী হিসেবে নির্বাচন করবে। গবেষণা প্রতিবেদন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ তিন সপ্তাহের মধ্যে মূল্যায়ন রিপোর্ট জমা দিতে হবে। এ ক্ষেত্রে মূল্যায়নকারীকে প্রতিবেদন মূল্যায়ন ছকের নির্দেশনা অনুযায়ী (পরিশিষ্ট-১৩) মূল্যায়ন করতে হবে। কোনো কারণে মূল্যায়নে অপারগতা প্রকাশ করলে তা অবশ্যই গ্রহণের তারিখের পরে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানাতে হবে এবং ফেরত

পাঠাতে হবে। মূল্যায়নকারীর মূল্যায়নের ওপর ভিত্তি করে গবেষককে প্রয়োজনীয় সংশোধন করতে হবে এবং পুনরায় সংশোধিত গবেষণা প্রতিবেদন জমা প্রদান করতে হবে।

**৫.১১। গবেষণা ফলাফল উপস্থাপন:**

ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা ফলাফল কর্মশালা/সেমিনার আয়োজন করে উপস্থাপনের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারীদের যৌক্তিক মতামত গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে চূড়ান্ত প্রতিবেদনে সংযোজন করতে হবে এবং চূড়ান্ত গবেষণা প্রতিবেদন প্রণয়ন করতে হবে।

**৫.১২। কর্মশালা ও সেমিনার পরিচালনা:**

পরিশিষ্ট-৪, কমিটি-৩ কর্মশালা ও সেমিনার পরিচালনা করবে। গবেষণার বিষয়বস্তু অনুযায়ী অংশগ্রহণকারী নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে গবেষণা সংশ্লিষ্ট বিষয়বস্তুভিত্তিক ও দক্ষতা-অভিজ্ঞতা সম্পন্ন সরকারি কর্মকর্তা, শিক্ষাবিজ্ঞান সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/কলেজ শিক্ষক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তা, শিক্ষাক্রম এবং মূল্যায়ন বিশেষজ্ঞ অংশগ্রহণকারী হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য এই অংশগ্রহণকারীদের মধ্যে নীতি প্রণেতা, পরিকল্পনাবিদ, প্রশাসক, শিক্ষাবিদ এবং শিক্ষাবিজ্ঞানের গবেষক রাখতে হবে।

**৫.১৩। Plagiarism প্রতিরোধ সংক্রান্ত বিধান:**

- গবেষক/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন Plagiarism পরিহার্য, কোন প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হলে ঐ গবেষক/প্রতিষ্ঠান পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হওয়াসহ গবেষণা মঞ্জুরি বাতিল, মঞ্জুরিকৃত অর্থ আদায় বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা এর কোন অংশ কোনো প্রতিবেদন বা উৎস হতে আহরিত নয় মর্মে প্রতিবেদন গবেষক/গবেষণা প্রতিষ্ঠান প্রত্যয়ন প্রদান করবেন;
- গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত Ethical Image নিশ্চিত করার লক্ষ্যে একটি নৈতিকতা কমিটি (Ethical Committee) গঠন করা যেতে পারে।

**৫.১৪। প্রকাশিত ও অপ্রকাশিত গবেষণা প্রতিবেদন সংগ্রহ:**

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষাক্রম ও গবেষণা শাখা, প্রশিক্ষণ বিভাগ অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের প্রাথমিক শিক্ষা সম্পর্কিত প্রকাশিত ও অপ্রকাশিত গবেষণা প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ করবে এবং এসডিজি ও প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট নীতি ও পরিকল্পনার সাথে গভীর সম্পর্ক থাকলে এর ওপর কর্মশালা পরিচালনা করবে।

**৫.১৫। গবেষণা পরিচালনায় অর্থায়ন:**

প্রতিবছর বাজেটে গবেষণা খাতে চাহিদাভিত্তিক বরাদ্দ রাখতে হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রাজস্ব বাজেটে 'গবেষণা' খাতে বরাদ্দকৃত অর্থ এবং সরকারের উন্নয়ন খাত, দেশি/আন্তর্জাতিক সংস্থা ও প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ দ্বার গবেষণা সম্পাদন করা যেতে পারে। গবেষণা কার্যক্রমে অর্থায়ন গবেষণা এলাকা, নমুনার আকারের ওপর নির্ভর করবে। এ ক্ষেত্রে গবেষণা পদ্ধতি, নমুনার আকার এবং এলাকা বিবেচনায় নিয়ে আর্থিক মঞ্জুরির পরিমাণ নির্ধারণ করা যেতে পারে।।

**৫.১৬। গবেষণা কমের্র অর্থ ছাড়করণ:**

প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই (২) কিস্তিতে ছাড় করা হবে। গবেষণা প্রস্তাব অনুমোদনের পর গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে মোট প্রস্তাবিত ব্যয়ে ১ম কিস্তি (সর্বোচ্চ ৪০%) অর্থ ছাড় করা হবে। সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হওয়া সাপেক্ষে ২য় কিস্তির ৬০% অর্থ ছাড় করা হবে।

**৫.১৭। গবেষণা কার্যক্রমে বাজেট বিভাজন:**

গবেষক/গবেষণা প্রতিষ্ঠান গবেষণা প্রস্তাবনায় বাজেট উপস্থাপনে মোট আর্থিক মঞ্জুরির ৪০% সম্মানী গ্রহণ (গবেষক, সহযোগী গবেষক) করতে পারবে। মোট আর্থিক মঞ্জুরির ৫০% গবেষণা কার্যক্রম পরিচালনায় (প্রি-টেস্ট, তথ্য অনুসন্ধানী এবং তথ্য সংগ্রহের ক্ষেত্রে অন্যান্য খরচ, তথ্য বিশ্লেষণ) এবং মোট আর্থিক মঞ্জুরির ১০% রিপোর্ট প্রণয়নে ব্যয় করতে পারবে। সকল ক্ষেত্রে বিল জমাদানে অরিজিনাল/পাকা ভাউচার ব্যবহার করতে হবে। সকল ব্যয় সরকারি বিধি মোতাবেক নিরীক্ষিত হবে।

**৫.১৮। অডিট নিষ্পত্তিকরণ:**

কোনো গবেষণা কার্যক্রমের হিসাব সংক্রান্ত ব্যয়ে আপত্তি দেখা দিলে গবেষক/গবেষণা দলের দলনেতা আয়ন-ব্যয়ন কর্মকর্তার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের দায়িত্ব বহন করবে।

**৫.১৯। গবেষণা ফলাফল অবহিতকরণ:**

প্রতিবছরে সমাপ্তকৃত গবেষণাসমূহের ফলাফল অবহিতকরণের জন্য এক বা একাধিক কর্মশালা আয়োজন করতে হবে। এই কর্মশালার মূল বিষয় হবে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে গবেষণার ফলাফল ব্যবহার।

**৫.২০। গবেষণার স্বীকৃতি ও পুরস্কার:**

ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ের গবেষণার ফলাফলের ওপর ভিত্তি করে প্রাথমিক শিক্ষায় অবদান রাখতে পেরেছে এমন গবেষণার ক্ষেত্রে স্বীকৃতি ও পুরস্কারের ব্যবস্থা রাখতে হবে।

**৫.২১। শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের গবেষণা কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধিকরণ:**

শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য পরিচালিত বুনিয়াদি প্রশিক্ষণে গবেষণা পদ্ধতি বিষয়ক একটি কোর্স থাকবে। গবেষণা কার্যক্রম স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের সম্পৃক্ত করা যাবে। তাছাড়া গবেষণা ফলাফল বিস্তরণ কর্মশালায় অংশগ্রহণ, গবেষণা পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ এবং গবেষণা চর্চায় উদ্বুদ্ধকরণ এবং অংশগ্রহণের সুযোগ রাখতে হবে। তাছাড়া ইন-সার্ভিস প্রশিক্ষণে গবেষণা পদ্ধতি বিষয়ক একটি কোর্স রাখতে হবে।

## ৬। প্রকাশনা বিষয়ক নির্দেশিকা:

## ৬.১। প্রকাশনার বিষয়সমূহ:

(ক) জার্নাল, (খ) বুলেটিন, (গ) APSC, (ঘ) ASPR, (ঙ) NSA, (চ) মাসিক, (ছ) ত্রৈমাসিক, (জ) ষান্মাসিক (ঞ) বাৎসরিক প্রতিবেদন ও (চ) প্রয়োজন/বাস্তবতার নিরীখে প্রকাশিত অন্যান্য প্রতিবেদন।

**৬.২। জার্নাল:**

- গবেষণা ফলাফল প্রকাশ ও প্রচারে একটি জার্নাল সংশ্লিষ্ট বিভাগের অধীনে উন্নয়ন করতে হবে;
- জার্নালের একটি নাম থাকতে হবে (মাল্টিডিসিপ্লিনারি জার্নাল অব প্রাইমারি এডুকেশন, বাংলা এবং ইংরেজি ভাষায়) এবং এটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- জাতীয় (বাংলা ও ইংরেজি) ও আন্তর্জাতিক পর্যায়ের জার্নাল বছরে একবার (জুলাই) প্রকাশিত হবে;

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগের অধীন পরিচালিত গবেষণা, দেশি বা আন্তর্জাতিক গবেষকের উদ্যোগে পরিচালিত গবেষণা আর্টিকেল সমন্বয়ে প্রশিক্ষণ বিভাগ একাধিক জার্নাল প্রকাশ করতে পারবে;
- জাতীয় পর্যায়ের জার্নাল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আইএসবিএন সংগ্রহ করে জার্নালে সংযোজিত করতে হবে;
- আন্তর্জাতিক পর্যায়ের জার্নাল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আইএসএএসএন সংগ্রহ করে জার্নালে সংযোজিত করতে হবে;
- জার্নালের প্রকাশনা সংস্থা হিসেবে শিক্ষাক্রম ও গবেষণা শাখা, প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দায়িত্ব পালন করবে;
- জার্নালের কভার এবং লোগো প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এবং অনুমোদিত হতে হবে;
- জার্নাল প্রকাশনা সংখ্যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাজেট ও বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে;
- জার্নাল সম্পাদনা ও প্রকাশনার জন্য ০১টি কমিটি থাকবে (পরিশিষ্ট-৪, কমিটি-৫);
- এডভাইজরি বোর্ড প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং দেশের বিশিষ্ট গবেষক সমন্বয়ে গঠিত হবে;
- জার্নালে প্রকাশনার জন্য গবেষণা আর্টিকেল গবেষণা ও প্রকাশনা ব্যবস্থাপনা নির্দেশিকার অধিক্ষেত্রের আওতাভুক্ত হতে হবে;
- জার্নালের বিষয়বস্তু ক্ষেত্রভিত্তিক বা বিভিন্ন ক্ষেত্রভিত্তিক গবেষণা আর্টিকেল নিয়ে সংগঠিত করে প্রকাশ করতে হবে।

**৬.৩। কোন কোন আর্টিকেল প্রকাশ করা যাবে:**

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন পরিচালিত বিভিন্ন ক্যাটাগরির গবেষণার ওপর আর্টিকেল, অন্যান্য প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ক্ষেত্রের ওপর পরিচালিত গবেষণার ওপর আর্টিকেল এবং একাডেমিশিয়ানদের নিজ উদ্যোগে পরিচালিত প্রাথমিক শিক্ষা সম্পর্কিত গবেষণার ওপর আর্টিকেল এবং আন্তর্জাতিক গবেষকের প্রাথমিক তথ্যের ওপর গবেষণা আর্টিকেল জার্নালে প্রকাশনার জন্য জমা প্রদান করতে পারবে;
- কেবল জার্নাল সম্পাদনা ও প্রকাশনা কমিটির চূড়ান্ত সুপারিশের ভিত্তিতে গবেষণা আর্টিকেল জার্নালে প্রকাশের জন্য বিবেচিত হবে।

**৬.৪। জার্নাল সম্পাদনা ও প্রকাশনা কমিটির কার্যপরিধি:**

- গবেষণা প্রতিবেদন প্রকাশনায় প্রয়োজনীয় সম্পাদনা;
- গবেষণা আর্টিকেল রিভিউ;
- গবেষণা প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত কমিটির গবেষকগণকে প্রয়োজনীয়তার প্রেক্ষিতে কো-অপ্ট করতে পারবে।

**৬.৫। গবেষণা আর্টিকেল এর আকার:**

- জার্নালে প্রকাশের জন্য তিন ধরনের গবেষণা আর্টিকেল গ্রহণ করা হবে;
- মৌলিক গবেষণা সংক্রান্ত আর্টিকেল ৩০০০-৪৫০০ শব্দের মধ্যে হতে হবে;
- রিভিউ পেপার ৫০০০-৬৫০০ শব্দের মধ্যে হতে হবে;
- বুক রিভিউ ৫০০-১০০০ শব্দের মধ্যে হতে হবে;
- গবেষণা আর্টিকেল প্রণয়নে সংলগ্নী (পরিশিষ্ট-১) অনুসরণ করে গবেষণা আর্টিকেল জমা দিতে হবে;
- গবেষণা আর্টিকেল প্রণয়নে নৈতিক বিষয়সমূহ (অন্য গবেষকের গবেষণার অংশ বিশেষ বা সম্পূর্ণ ব্যবহারসহ অন্যান্য বিষয়) বিবেচনায় নিয়ে পান্ডুলিপি প্রণয়ন করতে হবে।

**৬.৬। বুলেটিন ও প্রতিবেদন প্রকাশ ও প্রচার:**

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বছরে একটি বা দুইটি বুলেটিন প্রকাশ করবে যা বাংলা বা ইংরেজি ভাষায় করা যেতে পারে;
- বাংলা/ইংরেজি বুলেটিনের নাম 'প্রাথমিক শিক্ষা তথ্য কনিকা ও গবেষণা' শিরোনামে প্রকাশিত ও প্রচারিত হতে পারে;
- বুলেটিনে প্রাথমিক শিক্ষায় প্রতিবছরের সকল কার্যক্রমের তথ্য, ছবি এবং কার্যক্রমের বিস্তারিত বর্ণনা উপস্থাপিত হবে;
- APSC (Annual Primary School Census), ASPR (Annual Sector Performance Report) এবং NSA (National Student Assessment) প্রকাশ ও প্রচার করবে;
- IPEMIS (Integrated Primary Education Management and Information System) এ সংরক্ষিত ক্ষেত্রভিত্তিক তথ্য পর্যালোচনা, বিশ্লেষণমূলক প্রতিবেদন প্রকাশ ও প্রচার করবে;
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রমের উপর তথ্যভিত্তিক মাসিক, ত্রৈমাসিক, ষান্মাষিক ও বাৎসরিক প্রতিবেদন প্রকাশনা ও প্রচার ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে;
- প্রাথমিক শিক্ষায় উত্তম চর্চা (Best Practice) এবং উদ্ভাবন (Innovation) সমূহ প্রকাশ ও প্রচার ব্যবস্থাপনার উদ্যেগ গ্রহণ করতে হবে।

**৭। গবেষণা ও প্রকাশনা কার্যক্রমের জন্য গঠিত কমিটির সদস্যদের সম্মানী/ভাতা:**

গবেষণা ও প্রকাশনা কার্যক্রম সংশ্লিষ্ট গঠিত কমিটির সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত বা সরকারি গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হারে সম্মানী/ভাতা প্রাপ্য হবেন।

**৮। গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা সংশোধন/পরিমার্জন/অস্পষ্টতা দূরীকরণ:**

এ নির্দেশিকার উদ্দেশ্যসমূহ কতটুকু বাস্তবায়িত হয়েছে তা মূল্যায়ন গবেষণার মাধ্যমে পরিমাপ করা হবে। প্রতিবছর উদ্দেশ্য পূরণে এ নির্দেশিকা কতটুকু ভূমিকা পালন করছে তার মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে। এই মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা পরিমার্জন/সংস্কার করা হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনবোধে এ নির্দেশিকার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন, অস্পষ্টতা দূরীকরণ করতে পারবে। যে কোন বিষয়ে কোনো ধরনের ব্যাখ্যার প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে।

২৭/০২/২৪
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ এরফানুল হক
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দিলীপ কুমার বণিক

Muhammed Kabir Uddin
Deputy Secretary
Ministry of Primary and Mass Education
Government of the People's Republic of Bangladesh

## পরিশিষ্ট-১: গবেষণা পত্র প্রণয়ন ও দাখিল করা সম্পর্কিত:

**Instruction for submission of research papers:**
Multidisciplinary Journal of Primary Education (MJPE) is a peer reviewed international journal published once in a year (January-December) of every calendar year and is registered with National Serials Data Program, Library of Congress (ISSN). It is a referred journal designed to promote multidisciplinary enquiry on research, education and development. The journal contains research-based articles on Primary Education. Contributors are requested to submit articles both in hard and soft copies for publication in the Journal. The following may kindly be treated as broad guidelines for submission of article.

**Terms and Conditions of Submission of Manuscript:**
Manuscripts are reviewed with the understanding that they

- are original
- are not under consideration by any other publisher;
- have not been previously published in whole or in part;
- have not been previously accepted for publication;
- will not be submitted elsewhere until a decision is reached regarding the publication

**Manuscript Format and Style Guide:**
When the Editor sends manuscripts for external review, they are double-blind reviewed. Thus, please ensure that no authors' names are given on the first page of the manuscript and that author names have been taken out of the "File-Properties" screen in word.
All manuscripts should be double-spaced. Margins should be one inch (2.5cm) at the top, bottom and sides of the page. Front size should be 12 point. We require that submissions be limited to 8000-10000 words of text, unless an exception has been granted based on discussion with the Editors in advance of submission. This recommended word count refers to the entire content of the article, including abstract and references. Articles with heavy use of figures or tables should be correspondingly shorter to compensate for these.

**Title of the Article:**
The title of the article should be short and catchy. Title should not be in statement form. Also include the author's names, affiliations and contact details (including email address) for the corresponding author.

**Abstract:**
Authors are requested to submit an unstructured abstract of no more than 250 words. Abstract will focus the total picture of the article in a nutshell. Please make sure that the abstract page does not contain any information identifying the author (s). Also please take care to select a title and an abstract that are direct and 'readers friendly'.

**Keywords:**
Include not more than five keywords that describe your paper for indexing and for web searches of your manuscript.

**References in the text:**
The citations should follow the Harvard system, included by the authorship and the year of the work. Each citation requires a reference at the end of the work with full details of the source item and should enable it to be traced.
Example-
There is variation of rainfall with respect to place and time (Islam, 2005). Personal communications should be listed as such where they are cited in the text, and not listed in the references.
Example-
Results have been reported (Don Graham, 1989, personal communication). Articles not yet published should show 'fothcoming' in place of the year (in both the reference and the citation). 'In presses should be used in place of the volume, issue and page range details.
Example-
Sharp Parker, A.M. (forthcoming) Cyber Terrorism: An examination of the preparedness of the North California local law enforcement. Security Journal, in press.

**References:**

References should be placed alphabetically by author or authorship, regardless of the format, i.e whether books, websites or journal articles etc.

Examples of Correct Forms of References for Numer/Number.

1) Slovic, P. (2000). The Perception of Risk.London: Earth scans Publications.

Edited Volume

2) Nye Jr, J.S., Zelikow, P.D. and King D.C. (eds.) (1997). Why People Don't Trust Government. Cambridge, MA: Harvard University Press.

Chapter in Book

3) Flora, P. and Abler, J. (1981). Modernization, democratization, and the development of welfare states. In: P. Flora and A.J. Heidenheimer (eds.). The Development of Welfare States in Europe and America. New Brunswick and London: Transaction Books, pp. 17-34

Article in Journal

4) Thompson, K., Griffith, E. and Leaf, P. (1990). A historical review of the Madison model of community care. Hospital and Community Psychiatry 41(6): 21-35.

Article in Newspaper

5) Webster, B. (2008) Record bonus for Network Rail chief, despite Christmas chaos. The Times, 6 June: p1.

Newspaper or Magazine Article (Without a Named Author)

6) Economist (2005) The mountain man and the surgeon. 24 December, pp. 24-26

Article Online

7) http.www.......com (April 29:15:30) Gardener, T. and Moffat, J. (2007) Changing behaviors in defense acquisition: a game theory approach. Journal of the Operational Research Society, advance online publication 28 November, doi:10.1057/palgrave.jors.2602476

Conference Proceedings

8) Spain, A. (ed.) (1985) Health and Environment. Proceedings of the Conference on Biological Monitoring Methods for Industrial Chemicals; 30-31 March 1984, Chicago, IL. Chicago: American Topological Association.

Conference Paper

9) Harley, N.H. (1981) Radon risk models. In: A.R. Knight and B. Hard, (eds) Indoor Air and Human Health. Proceedings of the Seventh Life Sciences Symposium; 29-31 October, Knoxville, TN. Amsterdam: Elsevier, pp.69-78

Papers/Talks Presented at a Conference but Not Published

10) Martin, S. (2003). An exploration of factors which have an impact on the vocal performance and vocal effectiveness of newly qualified teachers and lecturers. Paper presented at the Pan European Voice Conference; 31 August, Graz, Austria.

Dissertation/Thesis

11) Young, W.R. (1981) Effects of different tree During Democratic Transition: The Malawi Social Action Fund 1996-2001. Brighton, UK: Institute of Development Studies. IDS Research Report no. 5.

**Figures and Tables:**

Ensure every table or figure is referred to in the text. The table or figure will be placed after the first mention in the text. Legends should be short, descriptive and define any acronyms, abbreviations or symbols used.

Tables and figures should be submitted in their original word format. Each table should be numbered consecutively with Arabic numerals in order of appearance. Please avoid using vertical rules. Horizontal rules should be used only above and below column headings and at the bottom of the table.

**Distribution Guidelines of Journal:**

Once copy of journal will be distributed to the concerned contributors(s).

The address of the contact person

Director
Training Division
Directorate of Primary Education
Mirpur 2, Dhaka, Bangladesh
E-mail: dirtraindpe@gmail.com
Phone: 02-55074946

**পরিশিষ্ট-২: গবেষণা প্রস্তাবনা ছক (গবেষক ও প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা প্রস্তাবনা প্রণয়ন ছক)**

১. গবেষণা শিরোনাম (Title of the Research) (স্পষ্ট এবং সুনির্দিষ্ট বা catchy হতে হবে)

২. ভূমিকা (Introduction)

৩. সমস্যার বিবরণ (Statement of the Problem)

৪. গবেষণার উদ্দেশ্য (Objectives of the Study) (সুস্পষ্ট করে পরিমাপ করা যায় এমন পরিমাপযোগ্য ক্রিয়াপদ (action verb) ব্যবহার করে উপস্থাপন করতে হবে।

৫. অনুমিত সিদ্ধান্ত গঠন/গবেষণা প্রশ্ন (Formulation of Hypothesis/Research Questions)

৬. ধারণাগত কাঠামো বিনির্মাণ (Conceptual Framework) (গবেষণা শিরোনামে যে ধারণাগুলো ব্যবহার করা হবে তার স্পষ্ট বাউন্ডারি অর্থাৎ চলক সমন্বয়ে গঠিত ধারণা স্পষ্ট করা অত্যাবশ্যক)

৭. সাহিত্য পর্যালোচনা (Review of Literature)

৮. গবেষণার যৌক্তিকতা (Rationale of the Study)

৯. গবেষণার ক্ষেত্র (Scope of the Study)

১০. গবেষণা পদ্ধতি (Methods of the Study) [(গবেষণা উদ্দেশ্য পরিপূরণে বিস্তারিত ও সুনির্দিষ্টভাবে গবেষণার ধরন, নমুনা, নমুনায়ন পদ্ধতি ও কৌশল, তথ্য সংগ্রহের উৎস, তথ্য সংগ্রহের টুলস এবং বিশ্লেষণ প্রক্রিয়ায় ব্যবহৃত পদ্ধতি উল্লেখ করতে হবে)]।

১১. প্রত্যাশিত ফলাফল (Expected Output)

১২. শিক্ষা সম্পর্কিত নীতি প্রণয়ন/সংস্কার সাথে সম্পর্কবদ্ধতা (Reation with Education related Policy Development and Reform) (গবেষণা উদ্দেশ্য গঠনের পূর্বে সংশ্লিষ্ট নীতি পর্যালোচনা করে নীতি গ্যাপ অনুযায়ী গবেষণা উদ্দেশ্য প্রণয়ন করলে এ সম্পর্ক স্থাপন সহজ হবে।

১৩. সম্ভাব্য অধ্যায় কাঠামো (Tentative Chaptarization)

১৪. কর্ম পরিকল্পনা ও সম্ভাব্য ব্যয় বিবরণী (Action Plan and Tentative Budget) যৌক্তিক কর্ম-পরিকল্পনা (প্রশ্নপত্র উন্নয়ন, প্রি-টেস্ট, প্রশ্নপত্র চূড়ান্তকরণ, তথ্য সংগ্রহ, তথ্য সাজানো ও বিশ্লেষণ, ড্রাফট প্রণয়ন, কর্মশালায় উপস্থাপন ও ড্রাফট চূড়ান্তকরণ); ব্যয় বিবরণীতে ৪০% সম্মানী, ৫০% তথ্য সংগ্রহ- প্রাথমিক ড্রাফট প্রণয়ন পর্যন্ত এবং ১০% চূড়ান্ত ড্রাফট প্রণয়নে বিভাজন করতে হবে।

১৫. গ্রন্থপঞ্জী (Bibliography/References)

**পরিশিষ্ট-৩: গবেষণা প্রস্তাবনা জমাদানে প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ-**

১. গবেষণা প্রস্তাবনার হার্ডকপি এবং সফটকপি;
২. গবেষক ও প্রতিষ্ঠান পর্যায়ে সংশ্লিষ্ট গবেষক/ প্রতিষ্ঠানের যোগ্যতা ও দক্ষতা প্রমাণের যাবতীয় প্রমাণক;
৩. ছবি ২ কপি এবং গবেষকের জীবন-বৃত্তান্ত;
৪. প্রাতিষ্ঠানিক গবেষণার ক্ষেত্রে প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কিত বুকলেট/বার্ষিক প্রতিবেদন;
৫. প্রাতিষ্ঠানিক গবেষণায় গবেষকদের ছবি ও জীবন-বৃত্তান্ত (এনআইডি উল্লেখ করতে হবে);
৬. জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
৭. ব্যক্তি পর্যায় এবং প্রাতিষ্ঠানিক গবেষণায় প্রধান গবেষকের ব্যাংক হিসাব নম্বর এবং যাবতীয় তথ্য।
৮. গবেষণা প্রস্তাবনা জমাদানের ক্ষেত্রে অবশ্যই কভর লেটার, গবেষণা প্রস্তাবনা, জীবন-বৃত্তান্ত/প্রাতিষ্ঠানিক তথ্যের বৃত্তান্ত এবং প্রমাণক পর্যায়ক্রমিকভাবে স্পাইরাল বাঁধাই করে জমা দিতে হবে। উল্লেখ্য, গবেষণা প্রস্তাবনার ওপর গবেষকের কোনো তথ্য লেখা যাবে না।
৯. প্রয়োজনে অধিদপ্তর কর্তৃক চাহিত অন্যান্য তথ্য/ডকুমেন্ট।

পরিশিষ্ট-৪:

কমিটি ১: গবেষণা প্রস্তাবনা বাছাই সংক্রান্ত কমিটি

| ক্রমিক নম্বর | পদবি | মন্ত্রণালয়/বিভাগ | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২. | অতিরিক্ত মহাপরিচালক | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রতিনিধি-০১ জন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | পরিচালক (প্রশিক্ষণ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| | পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | ব্যানবেইস প্রতিনিধি-০১ জন | বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) | সদস্য |
| ৬. | নেপ প্রতিনিধি-০১ জন (গবেষণায় দক্ষ) | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৭. | এনসিটিবি প্রতিনিধি-০১ জন (গবেষণায় দক্ষ) | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোড (এনসিটিবি) | সদস্য |
| ৮. | আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক-০২ জন | শিক্ষা ও গবেষণা ইসস্টিটিউট/সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | সদস্য |
| ৯. | পরিসংখ্যানবিদ ০২ জন | প্রথিতযশা পরিসংখ্যানবিদ/পরিসংখ্যান ব্যুরোর প্রতিনিধি (গবেষণা ও পরিসংখ্যান কাজে দক্ষ) | সদস্য |
| ১০. | শিক্ষাক্রম ও গবেষণা শাখার কর্মকর্তা ০১ জন | শিক্ষাক্রম ও গবেষণা শাখা, প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ১৩ জন | | |

গবেষণা প্রস্তাবনা প্রাথমিক বাছাই কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্মশালার পূর্বেই ক্ষেত্রভিত্তিক গবেষণা প্রস্তাবনাসমূহ বাছাই করে দলের সংখ্যা অনুযায়ী ভাগ করে রাখবে। প্রাথমিক বাছাইয়ের সদস্যদের দক্ষতা অনুযায়ী (জীবন-বৃত্তান্ত থেকে ডাটাবেজ করতে হবে) কর্মশালার আগেই মোট সদস্য সংখ্যা অনুযায়ী কয়েকটি দলে বিভক্ত করতে হবে। প্রাথমিক বাছাই কমিটির প্রত্যেক সদস্যই একজন মূল্যায়নকারী হিসেবে বিবেচিত হবে। দলীয় ব্যবস্থাপনায় গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন করা হবে।]

১. মূল্যায়নকারী দলের গবেষকবৃন্দকে অবশ্যই আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক (যাদের আন্তর্জাতিক কর্মশালা, আন্তর্জাতিক এবং দেশীয় অথেনটিক জার্নালে একাধিক গবেষণা পেপার রয়েছে, শিক্ষার ওপর গবেষণা করার অভিজ্ঞতা রয়েছে এমন পাবলিক বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক) হতে হবে।
২. প্রথমে প্রত্যেক মূল্যায়নকারী এককভাবে বন্টিত গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ছক অনুযায়ী মূল্যায়ন করবে। পরে নির্ধারিত দলে প্রত্যেকটি গবেষণা প্রস্তাবনার ওপর মূল্যায়নকারীর মত প্রকাশ করবে এবং দলে আলোচনা করে ক্ষেত্রভিত্তিক নম্বর প্রদান করবে।
৩. দলে প্রত্যেক বিশেষজ্ঞ গবেষণার উপযোগিতা, প্রাসঙ্গিকতা এবং অগ্রাধিকার বিষয়ে আলোকপাত করবে।
৪. গবেষণা প্রস্তাবনার উদ্দেশ্য অনুযায়ী গবেষণা পদ্ধতি নির্বাচন এবং নমুনা ব্যবস্থাপনার ওপর পরিসংখ্যানবিদ আলোকপাত করবে। প্রস্তাবনার নমুনা ব্যবস্থাপনা প্রতিনিধিত্বশীল বিষয়ে তিনি সুস্পষ্ট মতামত প্রদান করবে।
৫. দলীয়ভাবে মূল্যায়নকারীগণ প্রাপ্য নম্বর (গুণগতমান বিবেচনা করে) এবং অগ্রাধিকার বিবেচনায় নিয়ে দলীয়ভাবে প্রাথমিক বাছাই চূড়ান্ত করবে।
৬. জমাকৃত গবেষণা প্রস্তাবনা সংখ্যার উপর ভিত্তি করে গবেষক সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।

**কমিটি ২: গবেষণা প্রস্তাবনা অনুমোদনের জন্য স্টিয়ারিং কমিটি**

| ক্রমিক নম্বর | পদবি | মন্ত্রণালয়/বিভাগ | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | সচিব | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | মহাপরিচালক (প্রাথমিক বাছাই কমিটির সভাপতি) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব (প্রশাসন) | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মহাপরিচালক | বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) | সদস্য |
| ৫. | মহাপরিচালক | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৬. | চেয়ারম্যান, এনসিটিবি বিশেষজ্ঞ প্রতিনিধি | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) | সদস্য |
| ৭. | ডিন/পরিচালক শিক্ষা ও গবেষণার সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয় প্রতিনিধি (অধ্যাপক পর্যায়ের) | সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৮. | পরিচালক (প্রশাসন) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৯. | পরিচালক (অর্থ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০. | উপপরিচালক (শিক্ষাক্রম ও গবেষণা) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১১. | পরিচালক (প্রশিক্ষণ বিভাগ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ১১ জন | | |
| উর্ধ্বতন কর্মকর্তা সমন্বয়ে এই কমিটি গঠিত হবে। সভায় উপস্থাপন সাপেক্ষে সদস্য সংযোজন ও পরিবর্তনযোগ্য | | | |

গবেষণা প্রস্তাবনা অনুমোদনের জন্য স্টিয়ারিং কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

১. চূড়ান্ত বাছাইকৃত গবেষণা প্রস্তাবনা পর্যালোচনা করে নৈতিক অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদন প্রদান;
২. গবেষণা প্রস্তাবনাতে উপস্থাপিত বাজেট পরীক্ষণ, আবশ্যকীয় সহায়তার পরিমান নিরূপণ এবং বরাদ্দ ছাড় অনুমোদন;
৩. প্রয়োজন সাপেক্ষে সহায়তা প্রদান, স্থগিত করা বা সহায়তার পরিমাণ বৃদ্ধি করা;
৪. প্রয়োজন সাপেক্ষে গবেষণার সময় বৃদ্ধি অনুমোদন করা;
৫. গবেষণা সহায়তার জন্য চুক্তিনামা করার অনুমোদন;
৬. গবেষণার অগ্রগতি পরিবীক্ষণ ও পরিদর্শন;
৭. গবেষণার স্বার্থে গবেষণা কার্যক্রমের কমিটি গঠন ও অন্যান্য সকল কাজের ভূতাপেক্ষ অনুমোদন দান।
৮. সরকার কর্তৃক অর্পিত এ বিষয়ে অন্যান্য দায়িত্ব।

**কমিটি ৩: কর্মশালা পরিচালনা সংক্রান্ত কমিটি**

| ক্রমিক নম্বর | পদবি | মন্ত্রণালয়/বিভাগ | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | উপসচিব ০১ (এক) জন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপরিচালক (অর্থ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | উপপরিচালক (সংস্থাপন) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | উপপরিচালক (পলিসি এবং অপারেশন) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | উপপরিচালক (শিক্ষাক্রম ও গবেষণা) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ০৭ জন | | |

কর্মশালা পরিচালনা কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

১. গবেষণা প্রস্তাবনা যাচাই-বাছাইসহ সকল কর্মশালা পরিচালনা প্রতিবেদন প্রণয়ন করা।

**কমিটি ৪: গবেষণা প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত কমিটি**

| ক্রমিক নম্বর | পদবি | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের গবেষক-১ জন | আইইআর/বিশ্ববিদ্যালয় | চেয়ারম্যান |
| ২. | বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের গবেষক-১ জন | আইইআর/বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি-১ জন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদস্য-১ জন | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৫. | নেপ প্রতিনিধি-১ জন | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৬. | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের স্বীকৃত গবেষক-৩ | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান | সদস্য |
| ৭. | পরিচালক (প্রশিক্ষণ বিভাগ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ০৯ জন | | |

গবেষণা প্রতিবেদন মূল্যায়ন কমিটি ও গবেষণা প্রতিবেদন প্রকাশনায় সম্পাদনা কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

১. গবেষণা প্রতিবেদন আনুষ্ঠানিক উপস্থাপনায় অংশগ্রহণ;
২. গবেষণা প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে মূল্যায়ন ও সম্পাদনা;
৩. গবেষণা প্রতিবেদন মূল্যায়ন ও সম্পাদনা পরবর্তী মুদ্রণে সুপারিশ করা।
৪. মূল্যায়ন ও সম্পাদনা কাজে প্রয়োজনীয় সংখ্যক সহায়তাকারী নিয়োগ করতে পারবে।

**কমিটি ৫: জার্নাল সম্পাদনা ও প্রকাশনা সংক্রান্ত কমিটি**

| ক্রমিক নম্বর | পদবি | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি-১ জন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের স্বীকৃত গবেষক-৪ জন | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান | সদস্য |
| ৪. | বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের গবেষক-২ জন | আইইআর/বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৫. | প্রতিনিধি (শিক্ষাক্রম ও গবেষণা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা)- ২ জন | শিক্ষাক্রম ও গবেষণা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা | সদস্য |
| ৬. | পরিচালক (প্রশিক্ষণ বিভাগ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ১১ জন | | |

গবেষণা প্রতিবেদন মূল্যায়ন কমিটি ও গবেষণা প্রতিবেদন প্রকাশনায় সম্পাদনা কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

১. গবেষণা প্রতিবেদন প্রকাশনায় প্রয়োজনীয় সম্পাদনা;

২. গবেষণা আর্টিকেল রিভিউ করবেন;

৩. গবেষণা প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত কমিটির গবেষকগণকে প্রয়োজনীয়তার প্রেক্ষিতে কো-অপ্ট করতে পারবে।

**কমিটি ৬: বুলেটিন, মূল্যায়ণ প্রতিবেদন ও গবেষণা প্রবন্ধ প্রকাশ ও প্রচার কমিটি**

| ক্রমিক নম্বর | পদবি | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদক্রম |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন) | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট কর্মকর্তা-০৫ জন | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. | পরিচালক (প্রশিক্ষণ বিভাগ) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |
| | মোট = ০৭ জন | | |

বুলেটিন, মূল্যায়ণ প্রতিবেদন ও গবেষণা প্রবন্ধ প্রকাশ ও প্রচার কমিটির টার্মস অব রেফারেন্স (ToR)

১। চাহিদাভিত্তিক প্রকাশণা ও প্রচারযোগ্য বুলেটিন, মাসিক ত্রৈমাসিক, ষন্মাসিক ও বাৎসরিক মাধ্যমিক তথ্যের ওপর প্রণীত প্রাথমিক শিক্ষার প্রতিবেদন প্রকাশ ও প্রচারের ব্যবস্থা করা;

২। প্রাথমিক শিক্ষার APSC, ASPR ও NSA প্রতিবেদনভিত্তিক গবেষণা প্রবন্ধ প্রকাশ ও প্রচার ব্যবস্থাপনা গড়ে তোলা;

৩। বুলেটিন, মূল্যায়ন প্রতিবেদন ও গবেষণা প্রবন্ধ প্রয়োজনীয় ক্ষেত্রে সম্পাদনা করা।

**পরিশিষ্ট-৫: গবেষণা প্রস্তাবনার প্রাথমিক বাছাইকরণ মূল্যায়ন ছক**

গবেষণা প্রস্তাবনা মূল্যায়নকারীদের জন্য নির্দেশনা

(মূল্যায়ন ক্ষেত্র সংশ্লিষ্ট সূচকের ওপর ভিত্তি করে নিম্নোক্ত ভর আরোপ বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে নম্বর প্রদান করুন)

| ক্রমিক নম্বর | মূল্যায়নের ক্ষেত্র | নম্বর | | | | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১০ | | ১০ | | ২০ | | | | ১০ | | ৫০ |
| | | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | |
| ১. | গবেষণা শিরোনাম নির্বাচন | ক | খ | x | x | x | x | x | x | x | x | |
| ২. | বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা | x | x | গ | ঘ | x | x | x | x | x | x | |
| ৩. | গবেষণা প্রস্তাবনা কাঠামো | x | x | x | x | ঙ | চ | ছ | জ | x | x | |
| ৪. | নীতি প্রণয়ন ও সংস্কারের সাথে সম্পর্ক | x | x | x | x | x | x | x | x | ঝ | ঞ | |
| ৫. | মোট নম্বর | | | | | | | | | | | |

গবেষণা প্রস্তাবনা পর্যালোচনা করে নিচের সূচক (ক-ঞ) ও ভর (Weightage) আরোপ (০-৫) বিবেচনায় নিয়ে সংখ্যায় নম্বর প্রদান করুন

১. গবেষণা শিরোনাম নির্বাচন: (স্পষ্ট নয়-০, আংশিক স্পষ্ট-২-৪, সম্পূর্ণ স্পষ্ট-৫)
ক. গবেষণার শিরোনামের স্পষ্টতা;
খ. গবেষণা শিরোনামে গবেষণা উদ্দেশ্যের প্রতিফলন;

২. বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা: (স্পষ্ট নয়-০, আংশিক স্পষ্ট-২-৪, সম্পূর্ণ স্পষ্ট-৫)
গ. প্রাথমিক শিক্ষার বিভিন্ন ক্ষেত্রের সাথে সম্পর্ক;
ঘ. বিষয়বস্তু সাম্প্রতিক ও চাহিদাভিত্তিক;

৩. গবেষণা প্রস্তাবনা কাঠামো: (স্পষ্ট নয়-০, আংশিক স্পষ্ট-২-৪, সম্পূর্ণ স্পষ্ট-৫)
ঙ. গবেষণা প্রস্তাবনার বিভিন্ন স্তরে গবেষণা উদ্দেশ্যের প্রতিফলন;
চ. গবেষণা উদ্দেশ্যের চাহিদা অনুযায়ী গবেষণা পদ্ধতি উপস্থাপনের সম্পর্কবদ্ধতা;
ছ. গবেষণা প্রস্তাবনার বিভিন্ন স্তরের সাথে শৃঙ্খলিত সম্পর্ক;
জ. গবেষণা পরিধির সাথে উপস্থাপিত পরিকল্পনা ও বাজেটের সম্পর্ক;
[গবেষণা প্রস্তাবনা কাঠামো মূল্যায়নে কমিটির সদস্যগণ গবেষণা পরিধির সাথে বাজেটের সম্পর্ক নির্ধারণের সময় গবেষণা কার্যক্রম পরিচালনায় কত টাকা মঞ্জুরী প্রদান করা যায় তা বিশ্লেষণ করে মতামত প্রদান করবেন]

৪. শিক্ষা সম্পর্কীত নীতি প্রণয়ন ও সংস্কার: (স্পষ্ট নয়-০, আংশিক স্পষ্ট-২-৪, সম্পূর্ণ স্পষ্ট-৫)
ঝ. প্রত্যাশিত গবেষণা ফলাফলে প্রণয়নযোগ্য শিক্ষা সম্পর্কিত নীতির সম্পৃক্ততা;
ঞ. প্রণয়নযোগ্য নীতির পরিধির ব্যাপ্তি।

## পরিশিষ্ট-৬: গবেষকের যোগ্যতা ও দক্ষতা যাচাই প্রক্রিয়া

[মোট ৫০ নম্বরের মধ্যে যাচাই করতে হবে]

<table>
<tr><td colspan="6">ব্যক্তি পর্যায়ে গবেষকের ক্ষেত্রে</td></tr>
<tr><td colspan="3">যোগ্যতা-২০</td><td colspan="3">অভিজ্ঞতা ও দক্ষতা-৩০</td></tr>
<tr><td>ক্রমিক নম্বর</td><td>পরিমাপক ক্ষেত্র</td><td>মান</td><td>ক্রমিক নম্বর</td><td>পরিমাপক ক্ষেত্র</td><td>মান</td></tr>
<tr><td rowspan="2">১.</td><td rowspan="2">পেশাগত ক্ষেত্রের সাথে সম্পৃক্ততা (নীতিমালা অনুযায়ী)<br>[নীতিমালা অনুযায়ী না থাকলে মন্তব্যে লিখতে হবে।]</td><td rowspan="2">০৫</td><td rowspan="2">৪</td><td rowspan="2">গবেষণা কাজে অভিজ্ঞতা (বছর)</td><td>০৫</td></tr>
<tr><td>০৪ বছরের কম: ০-০৩<br>০৪ বছর: ০৪<br>০৪ বছরের অধিক: ০৫</td></tr>
<tr><td rowspan="3">২.</td><td rowspan="3">বিষয়ের সাথে সম্পৃক্ততা (নীতিমালা অনুযায়ী)<br><br>[নীতিমালা অনুযায়ী না থাকলে মন্তব্যে লিখতে হবে।]</td><td rowspan="3">০৩</td><td rowspan="3">৫</td><td rowspan="2">প্রকাশনা অভিজ্ঞতা<br>[দেশীয় জার্নালে প্রকাশনা সংখ্যা-১০</td><td>২০<br>প্রকাশনা সংখ্যা এবং মান</td></tr>
<tr><td>১-২: ০৬<br>৩-৪: ০৮<br>৫-এর অধিক: ১০</td></tr>
<tr><td>আন্তর্জাতিক জার্নালে প্রকাশনা সংখ্যা-১০]</td><td>১-২: ০৬<br>৩-৪: ০৮<br>৫-এর অধিক: ১০</td></tr>
<tr><td rowspan="5">৩.</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>১২</td><td rowspan="5">৬</td><td rowspan="5">গবেষণা পদ্ধতি ও বিশ্লেষণ বিষয়ে প্রশিক্ষণ</td><td>০৫</td></tr>
<tr><td rowspan="4">এমফিল/এমএস/পিএইচডি/ গবেষণা কাজে ০৪ বছরের অভিজ্ঞতা না থাকলে বাতিল</td><td>স্নাতকোত্তর</td><td rowspan="4">গবেষণা পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ: ০৩<br>পরিসংখ্যাণ বিষয়ক প্রশিক্ষণ এসপিএসএস এবং অন্যান্য: ০২</td></tr>
<tr><td>২য় শ্রেণি-০৭<br>১ম শ্রেণি-০৮</td></tr>
<tr><td>এমফিল/এমএস-০৯</td></tr>
<tr><td>পিএইচডি-১২</td></tr>
</table>

**পরিশিষ্ট-৭: গবেষণা প্রতিষ্ঠান যাচাই প্রক্রিয়া**

[মোট ৫০ নম্বরের মধ্যে যাচাই করতে হবে]

<table>
<tr><td colspan="6">প্রতিষ্ঠান পর্যায়ে গবেষণা ক্ষেত্রে</td></tr>
<tr><td colspan="6">যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতা-৫০</td></tr>
<tr><td>ক্রমিক নম্বর</td><td>পরিমাপক ক্ষেত্র</td><td>মান</td><td>ক্রমিক নম্বর</td><td>পরিমাপক ক্ষেত্র</td><td>মান</td></tr>
<tr><td rowspan="2">১.</td><td rowspan="2">নির্দেশিকা অনুযায়ী প্রতিষ্ঠানের ধরনের সম্পৃক্ততা<br><br>[নির্দেশিকা অনুযায়ী না থাকলে মন্তব্যে লিখতে হবে।]</td><td rowspan="2">০৫</td><td rowspan="2">৪.</td><td rowspan="2">গবেষণা কাজে অভিজ্ঞতা (বছর)</td><td>০৫</td></tr>
<tr><td>০২ বছরের কম: ০-০৩<br>০৩ বছর: ০৪<br>০৩ বছরের অধিক: ০৫</td></tr>
<tr><td rowspan="3">২.</td><td rowspan="3">নির্দেশিকা অনুযায়ী প্রতিষ্ঠানের কার্যগত সম্পৃক্ততা<br><br>[নির্দেশিকা অনুযায়ী না থাকলে মন্তব্যে লিখতে হবে।]</td><td rowspan="3">০৫</td><td rowspan="3">৫.</td><td rowspan="2">প্রকাশনা অভিজ্ঞতা<br><br>[দেশীয় জার্নালে প্রকাশনা সংখ্যা-১০</td><td>২০<br>প্রকাশনা সংখ্যা এবং মান</td></tr>
<tr><td>১-৫: ০৬<br>৬-১০: ০৮<br>১০ এর অধিক: ১০</td></tr>
<tr><td>আন্তর্জাতিক জার্নালে প্রকাশনা সংখ্যা-১০]</td><td>১-৫: ০৬<br>৬-১০: ০৮<br>১০ এর অধিক: ১০</td></tr>
<tr><td>৩.</td><td>প্রতিষ্ঠানের কাঠামোতে গবেষকের যোগ্যতা অনুযায়ী সংখ্যা</td><td>১৫<table><tr><td>যোগ্যতা</td><td>সংখ্যা</td><td>মান</td></tr><tr><td rowspan="2">স্নাতকোত্তর</td><td>২-৩</td><td>৪</td></tr><tr><td>৩+</td><td>৫</td></tr><tr><td rowspan="2">এমফিল/এমএস</td><td>১-২</td><td>৪</td></tr><tr><td>২+</td><td>৫</td></tr><tr><td>পিএইচডি</td><td>১-২</td><td>৪</td></tr><tr><td></td><td>২+</td><td>৫</td></tr></table></td><td>৬.</td><td colspan="2">উপর্যুক্ত পাঁচটি সূচকের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা পরিমাপ করতে হবে।</td></tr>
</table>

## পরিশিষ্ট-৮: প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুসৃত চুক্তিনামা

১। (......................) তারিখে নিম্নবর্ণিত পক্ষগণের মধ্যে এই চুক্তি সম্পাদিত হইল।

২। প্রথম পক্ষ: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তাহার প্রতিনিধিত্ব করিবেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন প্রশিক্ষণ বিভাগের পরিচালক।

৩। দ্বিতীয় পক্ষ: (নাম, পদবি, বর্তমান কর্মস্থল, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা) NID No, Mobile no, Email.

৪। যেহেতু দ্বিতীয় পক্ষ এই চুক্তির সাথে সংযুক্ত (পরিশিষ্ট-৫ গবেষণা প্রস্তাবনা অনুযায়ী, শিরোনাম, শীর্ষক (ক্যাটাগরি) গবেষণা কার্যটি ...... (কথায়) মাস সময়ের মধ্যে সম্পাদন করিতে সম্মত হইয়াছেন, সেহেতু উপরে বর্ণিত পক্ষগণ নিম্নবর্ণিত শর্তে এই চুক্তি সম্পাদন করিলেন:-

৫। শর্তাবলি:

ক. পরিশিষ্ট 'ক' এই চুক্তির একটি অবিচ্ছেদ্য অংশ বলিয়া গণ্য হইবে এবং ইহাতে উল্লিখিত গবেষণা কার্য এই চুক্তির অধীন সম্পাদনীয় প্রকল্প হইবে;

খ. প্রথম পক্ষ উক্ত গবেষণা কার্য সম্পন্ন করিবার জন্য দ্বিতীয় পক্ষকে সর্বোচ্চ (কথায়) টাকা মাত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মোট টাকা................. কথায় কিস্তিতে প্রদান করিবেন;

গ. মঞ্জুরিকৃত অর্থছাড়ের ক্ষেত্রে ক্যাটাগরিভিত্তিক কিস্তিগুলি হইবে নিম্নরূপ:

ব্যক্তি পর্যায় (গবেষক)/ প্রতিষ্ঠান পর্যায়ের গবেষণা:

প্রথম কিস্তি: মোট মঞ্জুরিকৃত অর্থের শতকরা ৪০ ভাগ অর্থ্যাৎ (........ টাকা।

কিস্তি প্রদানের শর্ত: গবেষণা কাজের শুরুতে প্রদান করা হবে। এ ক্ষেত্রে প্রশ্নপত্র, প্রিটেস্ট পরিকল্পনা, এবং তথ্য সংগ্রহের পরিকল্পনা জমা দিতে হবে।

দ্বিতীয়/শেষ কিস্তি: মোট মঞ্জুরিকৃত অর্থের শতকরা ৬০ ভাগ (.......) টাকা।

কিস্তি প্রদানের শর্ত: গবেষণা কাজে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং গবেষণার খসড়া প্রতিবেদন তৈরি হইবার পর তত্ত্বাবধায়ক/সংযুক্ত প্রতিষ্ঠানের নিকট হইতে চলমান গবেষণা কাজটি সন্তোষজনক হইয়াছে এই মর্মে সনদ, চূড়ান্ত প্রতিবেদন জমাদান এবং বিল-ভাউচার প্রাপ্তির পর প্রদান করা হইবে;

ঘ. উপদফা-১ এর অধীনে গৃহীত অর্থের জন্য দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের নিকট গ্রহণযোগ্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে এতদসঙ্গে সংযুক্ত (পরিশিষ্ট-৯) এই মর্মে একটি জামানত (Security) দাখিল করিতে হইবে যে, দ্বিতীয় পক্ষ কর্তৃক গৃহীত অর্থ যে উদ্দেশ্যে গ্রহণ করা হইবে সেই উদ্দেশ্যে দ্বিতীয় পক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহৃত না হইলে বা যথাযথভাবে ব্যবহৃত না হইলে জামানত দাতা নির্ধারিত সময়ের পরবর্তী ত্রিশ (৩০) দিনের ভিতর উক্ত অর্থ অথবা/ক্ষেত্রমত, উহার অব্যবহৃত অংশ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন;

ঙ. নির্দিষ্ট বাজেট এবং নির্ধারিত সময়ে কোন সংগত বা গ্রহণযোগ্য কারণ ছাড়া দ্বিতীয় পক্ষ গবেষণা কার্য সম্পন্ন করিতে ব্যর্থ হইলে গবেষণাটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং অনুরূপ ব্যর্থতার সম্পূর্ণ দায়-দায়িত্ব দ্বিতীয় পক্ষকে বহন করিতে হইবে। এরূপ ক্ষেত্রে প্রথম পক্ষের নিকট হইতে গৃহীত সমুদয় অর্থ দ্বিতীয় পক্ষ আইনগতভাবে ফেরৎ দান করিতে বাধ্য থাকিবেন। তবে কোনো গবেষক সময় বৃদ্ধির আবেদন করিলে, যথাযথ কারণ বিবেচনায় কর্তৃপক্ষ সময়বৃদ্ধির আবেদন বিবেচনা করিবেন।

চ. গবেষণা কার্যের অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়ার জন্য প্রথম পক্ষের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত যে কোন কর্মকর্তা মাঠ পর্যায়ে উক্ত কার্য প্রথম পর্যায় হইতে শেষ অবধি পরিবীক্ষণ করিতে পারিবেন;

ছ. নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় পক্ষ গবেষণা কার্য সম্পন্ন করিয়া দুই (২) কপি টাইপকৃত খসড়া প্রতিবেদন টেপ বাইন্ডিং আকারে (সিডিতে ওয়ার্ড ফাইলের সফটকপি সহ) প্রথম পক্ষকে প্রদান করিবেন। তবে এম, ফিল/পিএইচ, ডি গবেষণার ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ নির্ধারিত সময়ের মধ্যে থিসিস সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিবেন;

জ. প্রথম পক্ষ উপযুক্ত কোন বিশেষজ্ঞ দ্বারা খসড়া প্রতিবেদনটি মূল্যায়ন করিবেন। উক্ত বিশেষজ্ঞ যদি খসড়া প্রতিবেদনটিতে কোন রকম পরিবর্তন বা সংশোধনের সুপারিশ করেন তাহা হইলে উক্ত পরিবর্তন বা সংশোধন করিয়া প্রতিবেদনটি চূড়ান্ত করার জন্য দ্বিতীয় পক্ষকে নির্দেশ দান করিবেন। দ্বিতীয় পক্ষ উক্ত নির্দেশ যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবেন;

ঝ. দ্বিতীয় পক্ষ কর্তৃক খসড়া প্রতিবেদন উপরে উল্লিখিত নির্দেশ মোতাবেক চুড়ান্তকরণের পর ০৫ (পাঁচ) কপি গবেষণা প্রতিবেদন (থিসিস বাইন্ডিং, ডিজাইনকৃত মলাটে) এতদ্সঙ্গে সংযুক্ত ফরম (পরিশিষ্ট-১১)-তে তিন (৩) প্রস্থ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (সিডিতে ওয়ার্ড ফাইলের সফ্‌ট কপিসহ) এবং তিন (৩) প্রস্থ খরচের সর্বশেষ হিসাব প্রথম পক্ষের নিকট দাখিল করার পর প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে শেষ কিস্তির বাকি সমুদয় অর্থ প্রদান করিবেন;

ঞ. এই চুক্তির অধীন সম্পাদিত গবেষণার মাধ্যমে প্রণীত প্রতিবেদনটি সম্পূর্ণরূপে প্রথম পক্ষের সম্পত্তি বলিয়া গণ্য করা হইবে। তবে প্রথম পক্ষের পূর্বানুমতি গ্রহণ ব্যতীত দ্বিতীয় পক্ষ প্রতিবেদনটি মুদ্রণ, প্রকাশ, বিক্রয় কিংবা সেমিনার আয়োজন করিতে পারিবেন না। তবে দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের অর্থায়নে গবেষণা কার্যটি সম্পন্ন হইয়াছে, এই শর্তে প্রকাশনা গ্রন্থ প্রকাশ/সেমিনার আয়োজনের বিষয়ে অনুমতি প্রদান বিবেচনা করা হইবে;

ট. গবেষণা মঞ্জুরি প্রাপ্তির পর এতসংক্রান্ত সকল লেনদেনের জন্য পৃথক ব্যাংক একাউন্ট রক্ষণা-বেক্ষণ করিতে হইবে। সকল লেনদেন বাংলাদেশের কোন সিডিউল ব্যাংক একাউন্ট-এর মাধ্যমে বাস্তবায়ন করিতে হইবে। সকল লেনদেন ক্রসচেকের মাধ্যমে প্রধান গবেষক (দ্বিতীয় পক্ষ) নামে অথবা প্রাতিষ্ঠানিক গবেষণা ক্ষেত্রে প্রতিষ্ঠানের নামে ইস্যু করা হইবে। যদি প্রধান গবেষক নিজে প্রতিষ্ঠান প্রধান হন সেই ক্ষেত্রে উক্ত প্রধান গবেষক ও ঐ প্রতিষ্ঠানের হিসাব-নিকাশ রক্ষণের দায়িত্বে নিয়োজিত কোন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে;

ঠ. গবেষণাকালীন বিদেশ গমণের ক্ষেত্রে দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে;

ড. এই চুক্তি স্বাক্ষরের পূর্বে বাংলাদেশ সরকারের কোনও প্রতিষ্ঠান/সংস্থা হইতে গবেষণা মঞ্জুরি পাইয়াছেন এমন গবেষকের গবেষণা যদি শেষ না হয় কিংবা খসড়া গবেষণা প্রতিবেদন জমা দিয়াছেন এবং তা মূল্যায়নের জন্য প্রক্রিয়াধীন রহিয়াছে, তবে তিনি নতুন গবেষণা মঞ্জুরির জন্য চুক্তি করিতে পারিবেন না তবে দক্ষ গবেষক এবং গবেষণার বিষয়বস্তুর গুরুত্ব বিবেচনায় শর্ত সাপেক্ষে অনুমোদন প্রদান করা যেতে পার।

ঢ. অনুচ্ছেদ-৫ এ বর্ণিত শিরোনামে গবেষণাটির বিপরীতে চুক্তিনামা সম্পাদনের পূর্বে অন্য কোনো প্রতিষ্ঠান হইতে গবেষণা মঞ্জুরি গ্রহণ করে থাকিলে বা চুক্তিনামা সম্পাদনের পর অন্য কোনো প্রতিষ্ঠান হইতে গবেষণা মঞ্জুরি গ্রহণ করিলে অত্র পরিষদের সাথে সম্পাদিত চুক্তিনামাটি বাতিল বলে গণ্য হইবে।

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এই গবেষণায় ব্যবহৃত তথ্য ও উপাত্ত অন্য কোন উৎসের কোন অধ্যায় বা তার অংশবিশেষ, শিরোনাম, গবেষণা ফলাফল হুবহু গ্রহণ করা হয় নাই। এই গবেষণা কর্মটি সম্পূর্ণভাবে আমার দ্বারা সম্পাদিত হইবে। তাহা ছাড়া, উপরে বর্ণিত চুক্তিনামাটি আমি ভাল ভাবে পড়িয়াছি এবং আমার দেওয়া সকল তথ্য সত্য ও সঠিক। এর কোনরূপ ব্যত্যয় হইলে আমার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

| স্বাক্ষী: | স্বাক্ষর: |
|---|---|
| ১ম পক্ষ: | ১ম পক্ষ: |
| ২য় পক্ষ: | ২য় পক্ষ: |

**পরিশিষ্ট-৯: জামানাতনামা**

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে জামানতনামা দাখিল করিতেছি যে, গবেষক.............................................কর্তৃক পরিচালিত ...................................................... শীর্ষক গবেষণাটি সম্পাদনের লক্ষ্যে প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সহিত সম্পাদিত চুক্তিনামা অনুযায়ী গবেষণা কর্মটির জন্য..........................................টাকা যে উদ্দেশ্যে গ্রহণ করা হইবে, সেই উদ্দেশ্যে নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহৃত না হইলে বা যথাযথভাবে ব্যবহৃত না হইলে জামানতদাতা হিসাবে আমি নির্ধারিত সময়ের পরবর্তী ত্রিশ (৩০) দিনের মধ্যে উক্ত অগ্রিম অর্থ বাবদ .....................................টাকা বা ক্ষেত্রমত অব্যবহৃত অর্থ পরিশোধ করিতে বাধ্য থাকিব।

জামানতকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর:

## পরিশিষ্ট-১০: গবেষণা প্রতিবেদনের প্রাথমিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন ছক

প্রশিক্ষণ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, মিরপুর, ঢাকা।

(গবেষণা প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)

১। গবেষণা প্রকল্পের শিরোনাম:

২। যে প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত (Affiliated) থাকিয়া গবেষণা কার্যটি পরিচালিত হইতেছে উহার নাম: ..................................

৩। (ক) গবেষক/প্রকল্প পরিচালক-এর নাম ঃ.......................................

(খ) এই গবেষণায় যেসব ব্যক্তিকে নিয়োজিত করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও বর্তমান পেশার বিবরণ: .....................................

৪। গবেষণা কার্য শুরু ও সমাপ্তির নির্ধারিত তারিখ: ..............................................

৫। (ক) মঞ্জুরীকৃত মোট গবেষণা অনুদানের পরিমাণ: ............................................

(খ) এই যাবৎ প্রাপ্ত গবেষণা অনুদানের পরিমাণ: .............................................

(গ) এই যাবৎ ব্যয়িত গবেষণা অনুদানের পরিমাণ: .................................

৬। গবেষণা কার্যের উদ্দেশ্যসমূহ যাহা অনুমোদন করা হইয়াছিল সেইগুলির বিবরণ:

৭। গবেষণা কার্যে যে পদ্ধতি এবং কলাকৌশলসমূহ অনুসরণ করা হইয়াছে, সেইগুলির বিবরণ:

৮। গুণাগুন ও পরিমাণের ভিত্তিতে এই যাবৎ প্রাপ্ত ফলাফল:

৯। এই পর্যন্ত অর্জিত কাজের অগ্রগতি (নির্ধারিত উদ্দেশ্যসমূহের কতভাগ পূরণ করা হইয়াছে উহার বিবরণ দিতে হইবে): .................

১০। উপসংহার:

*সংযুক্ত প্রতিষ্ঠান প্রধান/তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষর
তারিখ:

গবেষণা/প্রকল্প পরিচালকের স্বাক্ষর
তারিখ:

৮, ৯ ও ১০ নম্বর ক্রমিক নম্বর সমূহের তথ্যাদি গবেষণা প্রকল্পটির অগ্রগতি যথাযথভাবে মূল্যায়নের জন্য বিস্তারিতভাবে সন্নিবেশিত করিতে হইবে।

**পরিশিষ্ট-১১: গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন ছক**

প্রশিক্ষণ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, মিরপুর, ঢাকা।

(সর্বশেষ তথা চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)

১। গবেষণা প্রকল্পের শিরোনাম:

২। গবেষক/প্রকল্প পরিচালকের নাম, পদবি, ঠিকানা এবং সন:

৩। বস্তু-সংক্ষেপ:
(এক হাজার শব্দের মধ্যে অবশ্যই Soft copy জমা দিতে হবে)

৪। সূচনা ও পটভুমি:
(এতদবিষয়ে ইতঃপূর্বে সম্পাদিত সকল গবেষণা/সমীক্ষার উদ্ধৃতিসহ)

৫। গবেষণার অনুসৃত পদ্ধতি/পরীক্ষাসমূহ:

৬। ফলাফল ও আলোচনা:
(সারণী, লেখ-চিত্র, চার্ট ইত্যাদির আকারে যখন যা প্রয়োজনীয়, এইরূপ উপাত্ত সন্নিবেশিত করতে হবে)

৭। উপসংহার:

* সংযুক্ত প্রতিষ্ঠান প্রধান/তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষর:
তারিখ:

গবেষণা/প্রকল্প পরিচালকের স্বাক্ষর:
তারিখ:

**পরিশিষ্ট-১২: গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ টুলস**

(পরিবীক্ষণ কর্মকর্তা কর্তৃক পরিচালিত)

পরিবীক্ষণ কর্মকর্তা (নাম, পদবি ও প্রতিষ্ঠান):
পরিবীক্ষণ এলাকা:
তারিখ:
সরকারি আদেশ নম্বর:
গবেষণা শিরোনাম:
গবেষক:
সময়কাল (চুক্তি বছর) :

| ক্রমিক নম্বর | গবেষণা কার্যক্রমের সাথে সম্পর্কিত উত্তর দাতার নাম ঠিকানা এবং মোবাইল/টেলিফোন নম্বর | গবেষণা সম্পর্কিত মন্তব্য (ফটোগ্রাফসহ) |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |
| ৪. | | |

স্বাক্ষর ও তারিখ:

## পরিশিষ্ট-১৩: ড্রাফট গবেষণা প্রতিবেদন মূল্যায়ন নির্দেশনা ও ছক

প্রশিক্ষণ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, মিরপুর, ঢাকা

গবেষণা প্রতিবেদন মূল্যায়ন রিপোর্ট

ক. গবেষণা এবং গবেষক সম্পর্কিত তথ্য:

১. গবেষণা শিরোনাম:

২. গবেষকের নাম :

৩. চুক্তির সাল:

৪. গবেষণার ধরণ : ☐ ব্যক্তি পর্যায় ☐ প্রাতিষ্ঠানিক পর্যায় ৫. মেয়াদ :

খ. গবেষণা প্রতিবেদন মূল্যায়ন সম্পর্কিত তথ্য:

[নির্দেশনা: ১. গবেষণা উদ্দেশ্য অনুযায়ী গবেষণা পদ্ধতি সুস্পষ্টভাবে উপস্থাপিত হয়েছে কিনা এবং গবেষণা উদ্দেশ্যের সাথে অধ্যায় বিন্যাস ও গবেষণা ফলাফল শৃঙ্খলিতভাবে বর্ণিত হয়েছে কিনা তা মুল্যায়ন করে নিম্নে-উল্লিখিত ছকে উপস্থাপন করতে হবে। ২. গবেষণা প্রতিবেদনের যেকোনো পরিমার্জন/ভুল সুস্পষ্টভাবে প্রতিবেদনের সংশ্লিষ্ট স্থানে দাগাঙ্কিত এবং উল্লেখ করতে হবে। ৩. মূল্যায়ন পরবর্তী গবেষণা প্রতিবেদনটি ১৫ দিনের মধ্যে পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে যেকোনো মাধ্যমে জমাপ্রদান করতে হবে।]

| গবেষণা উদ্দেশ্যের ক্রম সংখ্যা | গবেষণা উদ্দেশ্যসমূহ (ধারাবাহিকভাবে লিখতে হবে) | গবেষণা উদ্দেশ্য পূরণে যথাযথভাবে গবেষণা পদ্ধতি অনুসরণ করা হয়েছে কিনা (হ্যাঁ/না) | উত্তর না হলে, গবেষণা পদ্ধতি ও কৌশল প্রয়োগে কী সমস্যা রয়েছে উল্লেখ করুন | গবেষণা উদ্দেশ্য অনুযায়ী অধ্যায় শিরোনাম, বিষয়বস্তু ও ফলাফল (findings), সুপারিশ (Recommendations), রেফারেন্স যথাযথ কিনা তা গবেষণা প্রতিবেদনে পরিমার্জন/ভুল বিষয়ে আপনার বক্তব্য অনুযায়ী সুস্পষ্ট মন্তব্য লিখুন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |
| ৬ | | | | |
| ৭ | | | | |
| ৮ | | | | |
| ৯ | | | | |

গ. গবেষণার মান ও নীতি প্রণয়ন সম্পর্কিত তথ্য:

১. গবেষণার গুণগতমান সম্পর্কে আপনার উন্মুক্ত মতামত প্রকাশ করুন:

২. গবেষণাটি প্রকাশনা এবং কোনো নীতি প্রণয়ন বা সংস্কারে যোগ্য কিনা এ বিষয়ে আপনার মতামত প্রদান করুন:

৩. গবেষণাটি চূড়ান্তভাবে গ্রহণ করা যায় কিনা এ বিষয়ে আপনার স্পষ্ট মতামত লিখুন:

মূল্যায়নকারীর সীলসহ স্বাক্ষর:

(ই-মেইল ও মোবাইল নম্বর)

ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Muhammed Kabir Uddin
Deputy Secretary
Ministry of Primary and Mass Education
Government of the People's Republic of Bangladesh

মোঃ এরফানুল হক
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দিলীপ কুমার বণিক এফসিএমএ
অতিরিক্ত সচিব (প্রশাসন)